



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029)


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৬৫০

তারিখঃ ২৩/০৩/২০১৫ খ্রিস্টাব্দ।

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)” বর্তমান সরকার কর্তৃক গৃহীত একটি অন্যতম দারিদ্র বিমোচন প্রকল্প। গ্রামীণ দরিদ্র মহিলাদের সংগঠিত করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন প্রকল্পটির অন্যতম উদ্দেশ্য। প্রকল্পভূক্ত উপজেলা সমূহে বিআরডিবি’র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ অত্র প্রকল্পে ইউআরডিও’র অতিরিক্ত দায়িত্ব পালন করছেন এবং প্রকল্প হতে নিয়মিত দায়িত্বভার ভাতা প্রাপ্য হচ্ছেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু উপজেলায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ প্রকল্প কার্যক্রম যথাযথভাবে তদারকি ও সমিতি পর্যায়ে পরিদর্শন না করায় একদিকে যেমন প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন না; অন্যদিকে বিতরণকৃত ঋণ কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়াসহ মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাতের মত ঘটনা ঘটছে। এমতবস্থায় প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রমে আরও স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ নিজে মাসে ন্যূনতম ০৫ টি সমিতি নিবিড় পরিদর্শন পূর্বক সংযুক্ত ছকে তথ্য সংরক্ষণ করবেন এবং সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) কর্তৃক মাসে কমপক্ষে ১৫ টি সমিতি পরিদর্শন করার বিষয়টি নিশ্চিত করবেন। অন্যথায় দায়িত্বভার ভাতা বাবদ কোন অর্থ উত্তোলন করা যাবে না।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, -----উপজেলা, -----জেলা।
- ৬। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) -----উপজেলা, -----জেলা।
- ৭। অফিস কপি।

